তারিখ ... 25 FEB 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৮...

যুগান্তর

# প্রাইমারি প্রধান শিক্ষক পদে বিসিএস উত্তীর্ণদের নিয়োগের সুপারিশ

সংসদ রিপোর্টার

সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর প্রধান শিক্ষকের শূন্য পদে বিসিএস উত্তীর্ণ কিন্তু ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন ব্যক্তিদের নিয়োগ দেয়ার সুপারিশ করেছে সংসদীয় কমিটি। একইসঙ্গে এ প্রস্তাবের বিকল্প হিসেবে আরো একটি সুপারিশ করেছে কমিটি। তাতে বলা হয়, ডাক্তার কিংবা পুলিশের মতো নিয়োগ ক্ষমতা সংশ্লিষ্ট প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের হাতে তুলে দেয়া যেতে পারে।

বুধবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এসব সুপারিশ করা হয়। বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোতাহার হোসেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান, আখম জাহাঙ্গীর হোসাইন, আবদুর রহমান, নজরুল ইসলাম বাবু, আবুল কালাম, আলী আজম, মোহাম্মদ

**সুপারিশ : পৃষ্ঠা ৭ : কলাম ৪**

## সুপারিশ : নিয়োগের

**(৩য় পৃষ্ঠার পর)**

ইলিয়াছ এবং উম্মে রজিয়া কাজল বৈঠকে অংশ নেন। সংসদ সচিবালয় জানায়, বৈঠকে নিড বেইজ সার্ভের মাধ্যমে প্রয়োজনীয়তার নিরিখে সরকারি প্রাথমিক বিদ্যালয়কে ৬ষ্ঠ থকে ৮ম শ্রেণী পর্যন্ত পাঠদান চালুর সুপারিশ করা হয়। এছাড়া বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ বিদ্যালয় স্থাপন প্রকল্পের আওতায় বিদ্যালয়ের সংখ্যা আরো বাড়ানোসহ এনসিটিবির বইয়ে বিনামূল্যে বিতরণের জন্য কথাগুলি দৃশ্যমানভাবে সংযোজনের সুপারিশও করা হয়। বৈঠকে নৈশপ্রহরী কাম দফতরি নিয়োগে হাইকোর্টে যে রিট তা নিষ্পত্তি করে দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণের সুপারিশও করা হয়।